**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 25.05.2026** **Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবরঃ–**

১/ বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর মার্কিন বিদেশমন্ত্রী মার্কো রুবিওর সঙ্গে বাণিজ্য, জ্বালানি, আঞ্চলিক নিরাপত্তা সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেছেন। ড. জয়শঙ্কর বলেছেন, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র দুইদেশকেই সন্ত্রাসবাদের প্রতি জিরো টলারেন্স নীতি বজায় রাখতে হবে।

# আগামীকাল নতুন দিল্লিতে কোয়াড বিদেশমন্ত্রীদের গুরুত্বপূর্ণ বৈঠক।

২/ মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প তার প্রতিনিধিদের ইরানের সঙ্গে তড়িঘড়ি করে চুক্তি করতে বারণ করেছেন ।

৩/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, আদিবাসী সম্প্রদায়কে অভিন্ন দেওয়ানি বিধির আওতায় রাখা হবে না।

৪/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ৬৬ জনকে পদ্ম পুরস্কার দেবেন।

৫/ ঈদ উল আজহার পরিবর্তিত ছুটির দিনের জন্য ২৮শে মের বিশ্ববিদ্যালয়ে ভর্তির অভিন্ন পরীক্ষা স্থগিত রাখা হয়েছে।

৬/ উত্তর ভারতের বিস্তৃত এলাকায় তাপপ্রবাহের কমলা সতর্কতা।

# হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে বৃষ্টির পূর্বাভাস।

**************************************************************************

বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর বলেছেন যে, সন্ত্রাসবাদের মোকাবিলা করার ক্ষেত্রে ভারত ও মার্কিণ যুক্তরাষ্ট্রের জোরালো আগ্রহ রয়েছে। গতকাল নতুন দিল্লির ভারত মণ্ডপমে মার্কিণ যুক্তরাষ্ট্রের আড়াইশ-তম স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানের ভাষণে ড. জয়শঙ্কর বলেন, সন্ত্রাসবাদের প্রতি জিরো টলারেন্স বা শূন্য সহনশীলতা'র বিষয়ে ভারত ও মার্কিণ যুক্তরাষ্ট্রকে সর্বদা অটল থাকতে হবে। ঠিক এই কারণেই সন্ত্রাসবাদ দমনে তাদের পারস্পরিক সহযোগিতা এত গুরুত্বপূর্ণ। তিনি আরও বলেন , বিশ্ব অর্থনীতিকে ঝুঁকিহীন করা এবং বিশ্বের সামনে আরও অধিক বিকল্পের সুযোগ উন্মুক্ত করে দেওয়ার ক্ষেত্রে উভয় দেশেরই অভিন্ন স্বার্থ রয়েছে।

মার্কিণ বিদেশমন্ত্রী মার্কো রুবিওর ভারত সফরের কথা উল্লেখ করে ড. জয়শঙ্কর বলেন, এই সফর বর্তমান প্রেক্ষাপটে ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্কের গুরুত্বকেই বিশেষভাবে তুলে ধরে। তিনি আরও বলেন যে, ঠিক এক বছর

আগেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মার্কিণ প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প উভয় দেশের এই দীর্ঘস্থায়ী অংশীদারিত্বের আরও উন্নয়নের লক্ষ্যে একটি রূপরেখা বা কর্মপন্থা নির্ধারণ করে দিয়েছিলেন।

*******************************************************************************

'কোয়াড' (Quad) গোষ্ঠীভুক্ত দেশগুলির বিদেশমন্ত্রীদের বৈঠক আগামীকাল নতুন দিল্লিতে অনুষ্ঠিত হবে। এই বৈঠকে অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রী পেনি ওং, জাপানের বিদেশমন্ত্রী তোশিমিতসু মোতেগি এবং মার্কিন যুক্তরাষ্ট্রের বিদেশমন্ত্রী মার্কো রুবিও অংশগ্রহণ করবেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে, এই বৈঠকে অগ্রাধিকার প্রাপ্ত ক্ষেত্রগুলিতে কোয়াড-এর সহযোগিতা এগিয়ে নেওয়ার বিষয়ে মতবিনিময় করা হবে। এছাড়াও অন্যান্য আন্তর্জাতিক বিষয় নিয়েও আলোচনা করবেন সংশ্লিষ্ট দেশের বিদেশমন্ত্রীরা।

*******************************************************************************

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন ভারত মার্কিণ সম্পর্ক এক অন্য মাত্রা লাভ করেছে। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে বন্ধু হিসেবে অভিহিত করেন। প্রধানমন্ত্রী নতুন দিল্লির ভারত মণ্ডপমে আমেরিকার স্বাধীনতার আড়াইশো বছর পূর্তি উদযাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, মার্কিণ সেক্রেটারি অফ স্টেট মার্কো রুবিওকে ফোন করেন। তিনি বলেন, দুই দেশের সম্পর্ক এর আগে কখনোই এত ঘনিষ্ঠ ছিল না। তিনি নিজেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর একজন বড় ভক্ত বলেও উল্লেখ করেন। শ্রী ট্রাম্প বলেন, ভারত তাঁর ওপর একশভাগ ভরসা রাখতে পারে।

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তিনি তাঁর প্রতিনিধিদের তড়িঘরি করে ইরানের সঙ্গে কোন চুক্তি করতে মানা করেছেন। কারণ তার প্রশাসন তিন মাসের পুরনো উপসাগরীয় যুদ্ধে এখনই অবসান হওয়ার ব্যাপারে আশাবাদী নয়। ট্রাম্প আরও বলেছেন, তাঁর প্রশাসনের সঙ্গে ইরানের ভবিষ্যত কোন চুক্তিতে কোন আর্থিক ছাড় দেওয়া হবে না এবং ওবামার সময় যে চুক্তি হয়েছিল, মূলগতভাবে তা পৃথক হবে।

*******************************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বলেছেন, সব আদিবাসী সম্প্রদায়কে অভিন্ন দেওয়ানি বিধির আওতায় রাখা হবে না। এর ফলে তাদের অধিকার সুরক্ষিত থাকবে। নতুন দিল্লিতে আয়োজিত 'জনজাতি সাংস্কৃতিক সমাগম'-এ শ্রী শাহ বলেন, ইউসিসি-র কারণে আদিবাসীদের কোনো অধিকার ক্ষুণ্ণ হবে না। স্বাধীনতা সংগ্রামী ভগবান বিরসা মুন্ডার কথা স্মরণ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, নিজেদের জমি ও বনের ওপর আদিবাসীদের মালিকানা রয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, বর্তমানে আদিবাসী কল্যাণ বাজেট ২৮ হাজার কোটি টাকা থেকে বাড়িয়ে ১ লক্ষ ৫০ হাজার কোটি টাকা করা হয়েছে।

*******************************************************************************

অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে তাদের রাখার জন্য জেলায় জেলায় 'হোল্ডিং সেন্টার' বা অস্থায়ী আবাসন গড়ে তোলার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। ২০২৪-এর ৩১-শে ডিসেম্বরের পরে যারা অবৈধভাবে কাঁটাতার পেরিয়ে এদেশে ঢুকেছে, তাদের চিহ্নিত করে এই হোল্ডিং সেন্টারে রাখা হবে। পাশাপাশি একই অভিযোগে আটক ব্যক্তিরা যাদের দেশের বাইরে পাঠানোর প্রক্রিয়া চলছে, তাদেরও সেখানে রাখা যাবে। রাজ্য সরকারের স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরের তরফে এসংক্রান্ত একটি নির্দেশিকা সব জেলাশাসক, পুলিশ সুপার দের পাঠানো হয়েছে। অবিলম্বে এই সেন্টারগুলি গড়ে তোলার জন্য জেলাশাসকদের প্রয়োজনীয় উদ্যোগ নেবারও নির্দেশ দেওয়া হয়েছে। ২০২৫-এর দোসরা মে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের ফরেনার্স ডিভিশন, রোহিঙ্গা এবং বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নিয়ে ৮ পাতার একটি নির্দেশিকা জারি করেছিল। সেখানে অনুপ্রবেশকারীদের রাখার জন্য ওই হোল্ডিং সেন্টার তৈরির করার কথা বলা হয়।

উল্লেখ্য, অবৈধ অনুপ্রবেশকারীদের ক্ষেত্রে নব নির্বাচিত বিজেপি সরকার, ডিটেক্ট, ডিলিট এবং ডি-পোর্ট নীতি নিয়েছে।

*************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে ২০২৬ সালের প্রথম অসামরিক সম্মান প্রদান অনুষ্ঠানে ৬৬ জন কৃতি মানুষকে পদ্ম পুরস্কার প্রদান করবেন। অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহসহ বহু বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন। এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি আজ দু'জনকে পদ্ম বিভূষণ, ছ'জনকে পদ্ম ভূষণ এবং ৫৮ জন কে পদ্মশ্রী পুরস্কার প্রদান করবেন। ২০২৬ সালের জন্য, মোট পাঁচ জন পদ্ম বিভূষণ, ১৩ জন পদ্ম ভূষণ এবং ১১৩ জন পদ্মশ্রী পুরস্কার পাচ্ছেন। অবশিষ্ট পদ্ম পুরস্কার প্রাপকদের পরবর্তী সময়ে দ্বিতীয় পর্বে পুরস্কৃত করা হবে।

*************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর প্রস্তাবিত সিকিম সফরকালে নাথুলা যাওয়ার রাস্তায় যাত্রী চলাচল নিয়ন্ত্রিত করা হবে। আগামীকাল থেকে ২৮ তারিখ পর্যন্ত রাষ্ট্রপতির সিকিম সফরের কথা। ছাঙ্গুলেকে যাওয়ার জন্য ২৬ থেকে ২৮-শে মে পর্যন্ত কোন ভ্রমণ পাশ ইস্যু করা হবে না।

*************************************************************************

পশ্চিম এশিয়ায় উত্তেজনার মাঝেই আজ থেকে শুরু হচ্ছে পাঁচ দিনব্যাপী বার্ষিক হজ তীর্থযাত্রা। ভারতসহ বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে ৬ লক্ষেরও বেশি ইসলাম ধর্মালম্বী মক্কা থেকে তাদের যাত্রা শুরু করে সৌদি আরবের তাঁবুর শহর মিনায় সমবেত হচ্ছেন। তারা সেখানে রাত্রিযাপন করবেন এবং আগামীকাল ভোরের আলো

ফোটার সঙ্গে সঙ্গেই হজের মূল অনুষ্ঠান অর্থাৎ প্রার্থনা নিবেদনের উদ্দেশ্যে আরাফাতের ময়দানের দিকে যাত্রা করবেন। এবারের হজ তীর্থযাত্রায় ভারত থেকে প্রায় ১ লক্ষ ৭৫ হাজার পুণ্যার্থী অংশগ্রহণ করছেন।

*************************************************************************

পেট্রলের দাম লিটার প্রতি ২ টাকা ৬১ পয়সা এবং ডিজেলের দাম প্রতি লিটারে ২ টাকা ৭১ পয়সা বৃদ্ধি করা হয়েছে। গত দুই সপ্তাহে চতুর্থবার মূল্য বৃদ্ধি করা হলো। এর ফলে দিল্লিতে পেট্রলের দাম দাঁড়াবে লিটার প্রতি ১০২ টাকা ১২ পয়সা এবং ডিজেলের দাম হবে প্রতি লিটারে ৯৫ টাকা ২০ পয়সা।

*************************************************************************

তুরস্কের একটি আদালত সে দেশের প্রধান বিরোধী দল রিপাবলিকান পিপলস পার্টি—সি এইচ পির নেতা অজগুর ওজেলকে পদচ্যুত করায় তুমুল সংঘর্ষ শুরু হয়েছে। পুলিশ সি এইচ পির একটি অস্থায়ী ব্যারিকেড ভেঙে ভিতরে প্রবেশ করলে তুমুল সংঘর্ষ শুরু হয়।

উল্লেখ্য, বৃহস্পতিবার তুরস্কের একটি আদালত অ নিয়মের অভিযোগে ২০২৩ সালের দলীয় নির্বাচনের ফল বাতিল করে সি এইচ পি নেতা ওজগুর ওজেলকে পদচ্যুত করে। গতকাল আঙ্কারার গভর্নর সদর দপ্তরের ভেতরে অবস্থানরত ব্যক্তিদের উচ্ছেদের নির্দেশ দেন। আদালত সি এইচ পি-র প্রাক্তন প্রধান কামাল কিলিচদারোগলুকে পুনর্বহাল করে।

উল্লেখ্য, ওই একই বছরে অনুষ্ঠিত জাতীয় নির্বাচনে ওজগুর রাষ্ট্রপতি তাইয়েপ এরদোয়ানের কাছে পরাজিত হয়েছিলেন।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, আদালতের এই রায়ের ফলে ন্যাটোভুক্ত দেশ তুরস্কের গণতন্ত্র ও স্বৈরতন্ত্রের মধ্যকার ভারসাম্য রক্ষার একটি অগ্নিপরীক্ষা হিসেবে বিবেচিত হবে। এটি এরদোয়ানের ২৩ বছরের শাসনকালকে আরও দীর্ঘায়িত করতে পারে।

*************************************************************************

নিট পরীক্ষায় কর্তৃপক্ষের গাফিলতির খবরে সুপ্রিম কোর্ট উদ্বেগ প্রকাশ করে বলেছে, আগেকার প্রশ্ন ফাঁস বিতর্ক থেকে ন্যাশনাল টেস্টিং এজেন্সি কোনো শিক্ষাই নেয়নি। বিচারপতি পি এস নরসিংহা এবং অলোক আরাধে-র বেঞ্চ NTA-এর পরিবর্তে এই পরীক্ষা পরিচালনার জন্য অন্য একটি সংস্থার দাবীতে কেন্দ্র NTA এবং CBI-এর কাছ থেকে উত্তর চেয়েছে।

*************************************************************************

ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ) আগামী ২৮শে মে তারিখের নির্ধারিত কমন ইউনিভার্সিটি এন্ট্রান্স টেস্ট আন্ডারগ্র্যাজুয়েট (সিইউইটি ইউজি) ২০২৬ পরীক্ষা স্থগিত করেছে। এনটিএ জানিয়েছে,সরকারি বিজ্ঞপ্তি অনুযায়ী ইদুজ্জোহার ছুটির তারিখ পরিবর্তনের কারণে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংস্থা আরও

জানিয়েছে,পরীক্ষার তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে। এনটিএ পরীক্ষার্থীদের নিয়মিত nta.ac.inওয়েবসাইট ভিজিট করার পরামর্শ দিয়েছে। প্রয়োজনে পরীক্ষার্থীরা এনটিএ হেল্পডেস্ক নম্বর ০১১-৪০৭৫৯০০০-এ যোগাযোগ করতে পারেন অথবা ইমেল করতে পারেন: cuet-ug@nta.ac.

*************************************************************************

ভারতীয় আবহাওয়া দপ্তর (IMD) আজ দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড় এবং পাঞ্জাবের কিছু অংশে তাপপ্রবাহের কমলা সতর্কতা জারি করেছে।এছাড়াও রাজস্থান, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, বিহার, ছত্তিশগড়, অন্ধ্রপ্রদেশ উপকূল, ঝাড়খণ্ড, ওডিশা এবং তেলেঙ্গানার বিভিন্ন অংশেও আজ তীব্র তাপপ্রবাহ পরিস্থিতি দেখা দিতে পারে বলে জানিয়েছে। আবহাওয়া দপ্তর আরও জানিয়েছে, গাঙ্গেয় পশ্চিমবঙ্গে আজ উষ্ণ ও আর্দ্র আবহাওয়া থাকবে।রাতে উত্তরপ্রদেশের পূর্ব অঞ্চলে এবং বিদর্ভে উষ্ণ-রাতের পরিস্থিতি অনুভূত হতে পারে।

এছাড়াও আবহাওয়া দপ্তর আজ উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন অংশ,হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ, সিকিম, কেরল, মাহে, তামিলনাড়ু এবং পুদুচেরিতে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। জম্মু ও কাশ্মীর, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, অসম, মেঘালয়, বিহার, উত্তরপ্রদেশ, হিমাচল প্রদেশ এবং লক্ষদ্বীপের বিভিন্ন স্থানে আজ বজ্রপাত-সহ ঝড়বৃষ্টির সম্ভাবনাও রয়েছে।

*************************************************************************

এশিয়ান অনূর্ধ্ব-২৩ কুস্তি চ্যাম্পিয়নশিপে ভারতীয় কুস্তিগীররা একটি সোনা, দুটি রুপো এবং তিনটি ব্রোঞ্জ পদক জয় করেছেন। ভিয়েতনামের দা নাং-এ পুরুষদের গ্রেকো-রোমান বিভাগে, সুমিত দালাল ৬৩ কেজি ওজনের ফাইনাল ম্যাচে উজবেকিস্তানের ওজোদবেক খালিমবোয়েভকে ১২-২ ব্যবধানে হারিয়ে সোনা জয় করেন। ৫৫ কেজি বিভাগে, নীরাজ প্যাটেল ব্রোঞ্জ পদক ম্যাচে কাজাখস্তানের রাউয়ান বেকিমোভকে ৮-০ ব্যবধানে হারিয়ে দেন। অন্যদিকে, ৮৭ কেজি বিভাগে রোহিত বুরা কিরগিজস্তানের খেলোয়াড়কে ৯-০ ব্যবধানে হারিয়ে ব্রোঞ্জ পদক জিতে নেন।

অন্যদিকে, মহিলাদের খেলায়, ৫০ কেজি ওজনের ফাইনালে ভিয়েতনামের এনগক লিন দো-র কাছে ৭-৫ ব্যবধানে হেরে রুপো জয় করেন ভারতের সুইটি। ৫৯ কেজি বিভাগে নেহা সাঙ্গওয়ান ফাইনালে উজবেকিস্তানের লায়লোখন সোবিরোভার কাছে ৯-৫ ব্যবধানে হেরে রুপো পেয়েছেন। ৫৫ কেজি বিভাগে অহল্যা শিন্ডে কিরগিজস্তানের আরুউকে কাদিরবেক কিজিকে ১৩-২ ব্যবধানে হারিয়ে ব্রোঞ্জ পদক লাভ করেন।

*************************************************************************